প্রকল্পের শিরোনাম: Establishment of Effective Tobacco Control Program in Bangladesh ($2^{nd}$ phase)

কার্যক্রমের শিরোনাম: কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা ও টাস্কফোর্স সদস্যদের তামাক নিয়ন্ত্রণ আইন অবহিতকরণ সভা

**স্থানঃ জেলা প্রশাসকের কার্যালয়,পাবনা তারিখ ও সময়ঃ ১৪ মে ২০১৯, সকাল ১০.৩০মিনিট**

**প্রধান অতিথি: জনাব মো. খায়রুল আলম সেখ, সমন্বয়কারী (যুগ্মসচিব), জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল, স্বাস্থ্য সেবা বিভাগ**

**সভাপতি: জনাব মো. জসিম উদ্দিন, জেলা প্রশাসক, পাবনা**




জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের (এনটিসিসি-র) সার্বিক তত্ত্বাবধানে জেলা ও উপজেলা পর্যায়ে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০১৩ সালে সংশোধিত) এবং ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৫ বাস্তবায়নের লক্ষ্যে সারা দেশে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে গঠিত জেলা/উপজেলা টাস্কফোর্স কমিটি ও কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ কাজ করে যাচ্ছেন। এলক্ষ্যে, এনটিসিসি তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে কর্মরত কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা ও জেলা/ উপজেলা টাস্কফোর্স কমিটির সদস্যদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে গত ১৪ মে ২০১৯ তারিখে পাবনা জেলায় “তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা ও টাস্কফোর্স কমিটির সদস্যদের তামাক নিয়ন্ত্রণ আইন অবহিতকরণ সভা” শীর্ষক একটি সভা আয়োজন করা হয়। জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল ও জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা যৌথ উদ্যোগে এ সভা আয়োজন করে।




সভায় সভাপতিত্ব করেন পাবনা জেলার জেলা প্রশাসক জনাব মো. জসিম উদ্দিন। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য সেবা বিভাগের যুগ্মসচিব ও জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের সমন্বযকারী জনাব মো. খায়রুল আলম সেখ। সভার এক পর্যায়ে সভাপতি প্রধান অতিথিকে ফুল দিয়ে অভ্যর্থনা জানান। সভায় সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন পাবনা জেলার ডেপুটি সিভিল সার্জন ডা. কে এম আবু জাফর, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট মোখলেসুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার ফিরোজ কবির প্রমুখ।

মুক্ত আলোচনায় বক্তব্য রাখেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর – পাবনা’র উপপরিচালক কৃষিবিদ আজাহার আলী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স পাবনা’র সহকারী পরিচালক সাইফুল ইসলাম, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ইলিয়াস আহমেদ প্রমুখ। সভায় সঞ্চালনা করেন জেলা প্রশাসন-পাবনা’র সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট খন্দকার মাহমুদুল হাসান।

সভায় পাবনা জেলা টাস্কফোর্স কমিটির সম্মানিত সদস্যবৃন্দ এবং পাবনার বিভিন্ন উপজেলা থেকে আগত উপজেলা নির্বাহী কর্মকর্তা, সহকারী কমিশনার (ভূমি) এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভায় তামাক নিয়ন্ত্রণ কেন জরুরি, তামাকের ক্ষতিকারক প্রভাব, তামাক নিয়ন্ত্রণে বৈশ্বিক পদক্ষেপ, বাংলাদেশে তামাকজাত দ্রব্যের ব্যবহার ও এর ভয়াবহতা, বাংলাদেশের তামাক নিয়ন্ত্রণ আইন ও বিধিমালার গুরুত্বপূর্ণ ধারা, শাস্তি ও বিধি-বিধান এবং জেলা ও উপজেলা টাস্কফোর্স কমিটির সদস্যদের কার্যক্রম, দায়িত্ব ও কর্তব্য এবং সেইসাথে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তাদের কার্যক্রম, দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে বিস্তারিত পাওয়ারপয়েন্ট উপস্থাপনা করেন এনটিসিসির প্রোগ্রাম অফিসার জনাব আমিনুল ইসলাম সুজন।





মূল প্রবন্ধ উপস্থাপন শেষে মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়, যেখানে সভায় উপস্থিত অংশগ্রহণকারীগণ তামাক নিয়ন্ত্রণ আইনের কার্যকরী বাস্তবায়নের লক্ষ্যে তাঁদের বিভিন্ন জিজ্ঞাসা, নিজস্ব অভিজ্ঞতা ও মতামত ব্যক্ত করেন। এনটিসিসির সমন্বয়কারী জনাব মো. খায়রুল আলম সেখ সেসকল প্রশ্নের উত্তর এবং তামাক নিয়ন্ত্রণ আইনের কার্যকরী বাস্তবায়নের লক্ষ্যে তাঁদের করণীয় সম্পর্কে বিভিন্ন দিক-নির্দেশনা দেন। মুক্ত আলোচনায় সকলে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে তাঁদের নিজ নিজ দৃঢ় অবস্থানের কথা ব্যক্ত করেন এবং তামাক নিয়ন্ত্রণ আইনের কার্যকরী বাস্তবায়নের লক্ষ্যে সভায় উপস্থিত তাঁদের অধিনস্ত কর্মকর্তাদেরকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করার অঙ্গীকার ব্যক্ত করেন।



সভার প্রধান অতিথি ও জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের সমন্বয়কারী জনাব মো. খায়রুল আলম সেখ, উপস্থিত সবাইকে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ, টাস্কফোর্স কমিটির সদস্যদের নিজস্ব ও আওতাধীন সকল প্রতিষ্ঠান আইন অনুসারে ধূমপানমুক্ত করার ব্যবস্থা নিশ্চিতকরণ, নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা, টাস্কফোর্স কমিটির সভা আয়োজন ও তার রিপোর্ট এনটিসিসিতে প্রেরণের জন্য বিশেষভাবে অনুরোধ জানান। তিনি জেলা প্রশাসক মো. জসিম উদ্দিনের প্রশংসা করে বলেন, বর্তমান জেলা প্রশাসক অত্যন্ত সুযোগ্য ব্যক্তি এবং আমার বিশেষ স্নেহভাজন। তার মাধ্যমে ইতোমধ্যে জেলায় অনেক ইতিবাচক অগ্রগতি সাধিত হয়েছে। তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নেও জেলা প্রশাসক অধীনস্ত সহকর্মীদের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান ও অনুপ্রাণিত করতে পারবেন। তিনি তামাক নিয়ন্ত্রণ কার্যক্রমকে ইবাদতের সঙ্গে তুলে করে বলেন, ধূমপান ও তামাক সেবন মানুষকে তিলে তিলে মৃত্যুর দিকে ঠেলে দেয় বলে তামাক নিয়ন্ত্রণের মাধ্যমে মানুষের জীবন রক্ষা করা

যায়। তিনি সকলকে জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের পক্ষ থেকে পাবনা জেলায় তামাক নিয়ন্ত্রণ আইনের কার্যকরী বাস্তবায়নের লক্ষ্যে সর্বাত্মক সহযোগিতা প্রদানের আশা ব্যক্ত করেন।



জেলা প্রশাসক সভায় উপস্থিত সকল উপজেলা নির্বাহী কর্মকর্তাদেরকে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তাদের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে নিয়মিত টাস্কফোর্স কমিটির সভা আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া পাবনা জেলায় প্রতি মাসে অনন্ত ১০টি মোবাইল কোর্ট তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে পরিচালিত হবে বলে ঘোষণা দেন। পাবনা জেলায় তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে এ সভা আয়োজন করায় তিনি এনটিসিসির সমন্বয়কারী (যুগ্মসচিব) মো. খায়রুল আলম সেখকে ধন্যবাদ জানান। তিনি আরও বলেন, আজ এনটিসিসির সমন্বয়কারী মহোদয় যেসব নির্দেশনা প্রদান করেছেন, তার আলোকে আমরা পাবনা জেলায় তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহণ করব।

উপস্থিত সকলে মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২০৪০ সালের মধ্যে বাংলাদেশ থেকে তামাক নির্মূলের লক্ষ্যে ঐক্যবদ্ধভাবে তামাক নিয়ন্ত্রণে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

প্রতিবেদন প্রস্তুতকারী

আমিনুল ইসলাম সুজন
প্রোগ্রাম অফিসার, এনটিসিসি

---------------------------------------------------------------